জাইকার প্রেসিডেন্টের সঙ্গে প্রধানমন্ত্রীর বৈঠক



ছবি: সংগৃহীত

বাংলাদেশের উন্নয়ন প্রকল্পে জাপানের সহযোগিতা অব্যাহত রাখা, সহজ শর্তে ঋণ ও কারিগরি সহায়তা বাড়ানোর বিষয়ে আলোচনা করেছেন প্রধানমন্ত্রী তারেক রহমান ও জাপান আন্তর্জাতিক সহযোগিতা সংস্থার (জাইকা) প্রেসিডেন্ট ড. তানাকা আকিহিকো।

সোমবার (২৬ অক্টোবর) জাপানের স্থানীয় সময় বিকেল ৫টা ১০ মিনিটে তাঁদের মধ্যে সৌজন্য সাক্ষাৎ হয়।

বৈঠকে চলমান বড় উন্নয়ন প্রকল্প নির্ধারিত সময়ে শেষ করা এবং অনুমোদনের অপেক্ষায় থাকা অগ্রাধিকারমূলক প্রকল্পগুলোর কাজ এগিয়ে নেওয়ার বিষয়ে আলোচনা হয়। এ ছাড়া দক্ষতা উন্নয়ন, প্রযুক্তি ও উদ্ভাবন, কৃষির আধুনিকায়ন, কৃষিপণ্য প্রক্রিয়াজাতকরণ এবং লাইট ইঞ্জিনিয়ারিং খাতে সহযোগিতা বাড়ানোর প্রস্তাব তুলে ধরে বাংলাদেশ।

জ্বালানি নিরাপত্তা নিশ্চিত করতে গত বছরের মতো বাজেট সহায়তা দেওয়ার অনুরোধও জানানো হয়। জাইকার প্রেসিডেন্ট বাংলাদেশের সমৃদ্ধি অর্জনে একসঙ্গে কাজ করার অঙ্গীকার পুনর্ব্যক্ত করেন।

প্রধানমন্ত্রী আশা প্রকাশ করেন, এসব উদ্যোগ বাংলাদেশ ও জাপানের অংশীদারত্ব আরও জোরদার করবে এবং দুই দেশের উন্নয়নে ভূমিকা রাখবে।